

আয়না

আয়নায় কখনও নিজের মুখ বা মুখের
 বিচিত্র ছবি প্রতিবিম্বিত হলে
 চমকে ওঠে মানুষের ভেতরের মানুষ
 মেকি প্রসাধন ক্লেশজনক
 রাত্রির পাপের ঐর্ষ্য ধুয়ে ফেলে
 তৃপ্ত হয় পবিত্র গঙ্গার জলে।
 চকিত বিবেকে ধাক্কা লেগে খানখান
 নগর সঙ্কীর্ণনের দোলায়িত হৃদয় আবেগে
 মিশে যেতে হয় কৃত্রিম যাত্রার দলে।
 তবুও অশান্ত মন থামে না কখনও
 ক্লান্তির স্বেদজলে--
 লক্ষ্যহীন দুরন্ত অগতি
 অশুভ প্রতিযোগিতার নাগর দোলায়
 ঘোরে, ঘুরপাক খায় সভ্যতার নানা ছলেবলে।
 আয়নাকে ভয় পাই
 প্রতিবিম্বিত মুখের ছবি
 ভয় পায় সকলে।

অমল গুহ

